**জুনিয়র দাখিল সার্টিফিকেট পরীক্ষা**
**বিষয়ঃ বাংলা**
**ক সেট**
**পূর্নমানঃ ১০০ সময়-৩ ঘন্টা**

[ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্নমাণ জ্ঞাপক]

**সৃজনশীল অংশ (৪০ নম্বর)**

**গদ্যাংশ**

যে কোন ২টি প্রশ্নের উত্তর দাওঃ ১০x২ = ২০

১। কৃষক আব্দুল বারেক মিয়ার বড় ছেলে সুমন চিকুনগুনিয়া জ্বরে আক্রান্ত হলে স্থানীয় ফকিরের কাছ থেকে পানি পড়া এনে খাওয়ায় এবং তাবিজ দরজায় ঝুলিয়ে রাখে। বাড়ির সবাইকে সাবধান করে বলে খোড়া কোন প্রাণী দেখলে যেন তাড়িয়ে দেয়। তার ধারণা চিকুনগুনিয়া জ্বর খোড়া প্রাণীর রূপ ধারণ করে বাড়িতে আসে। কিন্তু আব্দুল বারেক মিয়ার নবম শ্রেণীতে পড়ুয়া ছোট ছেলে মাসুম বাবার ধারণা ভুল প্রমাণ করতে তার বিজ্ঞান বইয়ের চিকুনগুনিয়া জ্বরের বাহক এডিস মশার উদাহরণ দেয়।

ক) 'তৈল চিত্রের ভূত' কোন জাতীয় রচনা? ১

খ) নগেনকে ভৎসনা করলেন কেন? ২

গ) উদ্দীপকের আব্দুল বারেক মিয়ার ধারণাটি তৈলচিত্রের ভূত গল্পের যে দিকটি ফুটিয়ে তুলেছে তা ব্যাখ্যা কর। ৩

ঘ) পরাশর ডাক্তারের প্রতিনিধি হিসেবে মাসুদের ভূমিকা কি যথার্থ? তোমার স্বপক্ষে ও বিপক্ষে যুক্তি 'তুলে ধর। ৪

২। মরিয়মের প্রিয় পোষা ময়নাটিকে প্রতিদিন যত্নআত্তি করে। ময়না পাখির প্রতি তার অগাধ দরদ। প্রতিদিন তাকে খেতে দেয় আর তার সাথে মরিয়ম অনেক কথা বলে সন্তানের মতোই। ময়না পাখিটিকে সে ভালবাসে। হঠাৎ একদিন পাশের বাড়ির বিড়াল এসে ময়নাটিকে মেরে ফেলে। মরিয়মের খুব কষ্ট হয়। ময়নাটি আজ বেঁচে নেই। কিন্তু মরিয়ম তাকে ভুলতে পারেনি।

ক) লেখকের দেওঘরে যাওয়ার কারণ কী? ১

খ) অতিথি কিছুতে ভিতরে ঢোকার ভরসা পেল না কেন? ব্যাখ্যা কর। ২

গ) উদ্দীপকের ময়না পাখিটির প্রতি মরিয়মের আচরণে 'অতিথির স্মৃতি'। গল্পের যে দিকটি প্রকাশ পেয়েছে তা ব্যাখ্যা কর। ৩

ঘ) 'উদ্দীপকের মরিয়মের সাথে লেখকের চেতনাগত মিল থাকলেও প্রেক্ষাপট ভিন্ন' 'অতিথির স্মৃতি' গল্পের আলোকে বক্তব্যটির যথার্থতা বিচার কর। ৪

৩। রংপুর দিনাজপুর অঞ্চলের কৃষকদের উপর বৃটিশদের জুলুম ও নির্যাতনের বিরুদ্ধে প্রতিবাদ জানাতে আন্দোলনের ডাক দিয়েছিলেন নূরলদীন নামক এক কৃষক নেতা। সবাইকে একত্রিত করে বৃটিশদের অন্যায় অত্যাচারের বিরুদ্ধে বিদ্রোহ ঘোষণা করে বলেছিলেন- 'জাগো বাহে কোনঠে সবায়'।

ক) বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্ম কত তারিখে? ১

খ) 'এবারেরর সংগ্রাম স্বাধীনতার সংগ্রাম'- ব্যাখ্যা কর। ২

গ) উদ্দীপকে বঙ্গবন্ধুর ভাষণের কোন দিকটি ফুটে উঠেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ)। "উদ্দীপকের 'জাগো বাহে কোনঠে সবায়'-এ আহবানটি বঙ্গবন্ধুর ভাষণের মূল বক্তব্য ধারণ করে"- মন্তব্যটির যথার্থতা মূল্যায়ণ কর। ৪

## কবিতাংশ

যে কোনো ২টি প্রশ্নে উত্তর দাওঃ

৪। শফিক ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে সর্বোচ্চ ডিগ্রি নিয়ে ফিরেছে। তার ইচ্ছা গ্রামে একটি বড় পুকুর খনন, বিজ্ঞান সম্মত উপায়ে চাষাবাদ ও হাসমুরগি পালন। কিন্তু গ্রামের মুরব্বিরা বাধা দেয়। বলে "তুমি জজ ব্যারিস্টার, উকিল, মোক্তার হবে, কেন এসেছো? শহরে গিয়ে সরকারি চাকরি কর, গ্রামের ছোট কাজ করে তোমার সম্মান নষ্ট করার দরকার নাই। কিন্তু শফিক দমবার পাত্র নয়। সে তার পরিকল্পনা মতো কাজ শুরু করে।

ক) 'প্রশমিতে' শব্দটির অর্থ কী? ১

খ) সংশয়ে সংকল্প সদা টলে- উক্তিটি ব্যাখ্যা কর। ২

গ) উদ্দীপকের বক্তব্য 'পাছে লোকে কিছু' বলে কবিতার বিপরীত ভাব ধারণ করেছে। ব্যাখ্যা কর। ৩

ঘ) 'উদ্দীপকের শফিক 'পাছে লোকে কিছু বলে' কবিতার নিন্দুকদের উপযুক্ত জবাব দিয়েছেন।'-একটি তুলনামূলক আলোচনা কর। ৪

৫। বাংলার হাওয়া বাংলার জল

হৃদয় আমার করে সুশীতল

এত সুখ শান্তি এত পরিমল

কোথা পাব আর বাংলা ছাড়া

ক) 'আবার আসিব ফিরে' কবিতায় কবি কোথায় ফিরে আসতে চেয়েছেন ? ১

খ) 'বাংলার সবুজ করুণ ডাঙ্গা' বলতে কি বুঝানো হয়েছে? ২

গ)। উদ্দীপক অবলম্বনে 'আবার আসিব ফিরে' কবিতার প্রাকৃতিক সৌন্দর্যের বর্ণনা দাও? ৩

ঘ) 'কোথা পাব আর বাংলা ছাড়া' কথাটির সঙ্গে কবি জীবনানন্দ দাশের বাংলায় ফিরে আসার আকাঙ্খা কীভাবে সম্পর্কিত? ৪

৬। ১৯৫২ সালের ২১ শে ফেব্রুয়ারী। তপু ও তার বন্ধুরা আগেই সিদ্ধান্ত নিয়েছিল ১৪৪ ধারা ভঙ্গ করে প্রতিবাদ জানাবে। বাংলাকে রাষ্ট্রভাষা করার দাবিতে সেদিন মিছিল নিয়ে প্রতিবাদ জানাতে গিয়ে পুলিশের গুলিতে লুটিয়ে পড়ে তপু। লাশটা পুলিশ গুম করে দিয়েছিল। সংবাদটি তপুর স্ত্রীকে দিতেই বাকরুদ্ধ হয়ে পড়েছিল তপুর স্ত্রী রেনু।

26.06.18

ক) একুশের গান কবিতাটি কোন শহিদের স্মরণে লেখা? ১

খ) সেই আঁধারের পশুদের মুখ চেনা'- চরনটি ব্যাখা কর। ২

গ) 'উদ্দীপকের তপু একুশে গান কবিতার প্রতিনিধিত্ব করে' ব্যাখ্যা কর। ৩

ঘ) উদ্দীপক আর 'একুশের গান' কবিতার মূলভাব একই সূত্রে গাঁথা- আলোচনা কর। ৪

(নির্মিতি অংশ ৩০ নম্বর)

৭। যে কোনো ১টি প্রশ্নের উত্তর দাওঃ ৫x১= ৫

ক) সারমর্ম লেখঃ

সাম্যের গান গাই,

আমার চক্ষে পুরুষ রমনী কোনো ভেদাভেদ নাই।

বিশ্বের যা কিছু মহান সৃষ্টি চির কল্যাণকর

অর্ধেক তার করিয়াছে নারী অর্ধেক তার নর।

বিশ্বের যা কিছু এল পাপ তাপ বেদনা অশ্রুবারি

অর্ধেক তার আনিয়াছে নর, অর্ধেক তার নারী।

খ) সারাংশ লেখঃ ৫x১= ৫

সূর্যের আলোতে রাতের অন্ধকার কেটে যায়। শিক্ষার আলো আমাদের অজ্ঞানতার অন্ধকার দুর করে। আমাদের দৃষ্টিতে চারপাশের জগৎ আরও সুন্দর হয়ে উঠে। আমরা জীবনের নতুন অর্থ খুঁজে পাই। শিক্ষার আলো পেয়ে আমাদের ভেতরের মানুষটি জেগে উঠে। আমরা বড় হতে চাই, বড় হওয়ার জন্য চেষ্টা করি। আমরা সুন্দর করে বাঁচতে চাই। বাঁচার মতো বাঁচতে চাই। আর সুন্দর করে বাঁচতে হলে চাই জ্ঞান। সেই জ্ঞানকে কাজেও লাগানো চাই। শিক্ষার ফলে আমাদের ভেতর যে শক্তি লুকানো থাকে তা ধীরে ধীরে জেগে উঠে। আমরা মানুষ হয়ে উঠি।

৮। যে কোনো ১টি প্রশ্নের উত্তর দাওঃ ৫x১= ৫

ভাব সম্প্রাসারণ করঃ

ক) বন্যেরা বনে সুন্দর শিশুরা মাতৃক্রোড়ে

খ) নানান দেশের নানান ভাষা

বিনা স্বদেশী ভাষা মিটে কি আশা?

৯। যে কোনো ১টি প্রশ্নের উত্তর দাও। ৫x১ = ৫

ক) মনে কর, তোমার নাম বাবু, তুমি ঢাকায় থাক। আর তোমার বন্ধুর নাম সুমন, সে চট্টগ্রামে থাকে। তোমার পরীক্ষা প্রস্তুতির কথা জানিয়ে তাকে একটি পত্র লেখ।

26.06.18

খ) মনে কর তুমি মধুপুর আলিয়া মাদ্‌রাসা, ফরিদপুর থেকে এ বছর জেডিসি পরীক্ষায় উত্তীর্ণ হয়েছো। প্রশংসাপত্র চেয়ে মাদ্‌রাসা অধ্যক্ষের নিকট একটি আবেদন পত্র রচনা কর।

১০। যে কোনো ১টি বিষয়ে প্রবন্ধ রচনা কর। ১৫x১= ১৫

ক) সালাত

খ) আধুনিক জীবন ও প্রযুক্তি

গ) বাংলাদেশের ষড়ঋতু

26.06.18

## বহুনির্বাচনী অংশ (৩০ নম্বর)

দ্রষ্টব্যঃ সরবরাহকৃত বহুনির্বাচনী প্রশ্নের উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে সঠিক উত্তরের বর্ণটিতে টিক ( ✓) চিহ্ন দাও। প্রত্যেক প্রশ্নের মানঃ ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে।

১। কবি নজরুল ইসলাম কে কী কবি বলা হয়?

ক) বিদ্রোহী, খ) উদাস, গ) দরদী, ঘ) মরমী।

২। অর্থানুসারে শব্দ কত প্রকার?

ক) ৩, খ) ৪, গ) ৫, ঘ) ৬।

৩। 'বঙ্গভূমির প্রতি' 'কবিতা মতে নরকুলে কে ধন্য হয়?

ক) যার দেশপ্রেম আছে, খ) যার অর্থ সম্পদ বেশী, গ) যার জ্ঞান গরিমা বেশি,

ঘ) লোকে যাকে ভুলে না।

৪। 'পড়ে পাওয়া' গল্পে লোকটি কোন হাট থেকে পটল বেচে ফিরেছিল?

ক) অম্বরপুর, খ) ধুপখোলা, গ) সম্বলপুর, ঘ) নিবির্ষ খোলা।

৫। কোন ভাষারীতি অপরিবর্তনীয়?

ক) সাধুভাষা খ) চলিত ভাষা গ) আঞ্চলিক ভাষা ঘ) কথ্য ভাষা।

৬। বঙ্গবন্ধুর ৭ই মার্চের ভাষণের সময়কাল কত?

ক) ১৪ মিনিট খ) ১৬ মিনিট গ) ১৮ মিনিট ঘ) ২০ মিনিট।

৭। 'সংকল্প' বলতে কী বোঝায়?

ক) মনের যত কথা, খ) মনের দৃঢ় ইচ্ছা, গ) মনের স্বপ্ন ও কল্পনা, ঘ) মনের শুভ চিন্তা।

৮। সন্ধি কত প্রকার?

ক) ২ খ) ৩ গ) ৪ ঘ) ৫।

৯। 'পড়ে পাওয়া' গল্পে কিশোরদের আচরণে ফুটে ওঠা দিকটি হলো-

i) ঐক্য চেতনা
ii) উন্নত মানবিকতাবোধ
iii) তীক্ষ্ণ বিবেচনাবোধ

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii খ) i ও iii, গ) ii ও iii, ঘ) i, ii ও iii

26.06.18

১০। কোনটি ক্লিবলিঙ্গের উদাহরণ?

ক) রানী, খ) চঞ্চল, গ) চেয়ার, ঘ) কবি।

১১। 'প্রার্থনা' কবিতাটি কোন কাব্যগ্রন্থ থেকে সংকলিত?

ক) অশ্রুমালা খ) শিবমন্দির গ) অমিয়ধারা ঘ) মহররম শরীফ।

১২। সাধু ও চলিত রীতি মূল পার্থক্য-

ক) সর্বনাম ও ক্রিয়াপদে, খ) বিশেষ্য ও বিশেষণ পদে, গ) বিশেষণ ও সর্বনাম পদে, ঘ) সর্বনাম ও অব্যয় পদে।

নিচের উদ্দীপকটি পড়ে ১৩ ও ১৪ নম্বর প্রশ্নের উত্তর দাওঃ

আমাদের দেশে ঘর সাজাবার কাজে কাপড় দিয়ে যেসব পুতুল তৈরী হয়। সেগুলোকে মূলত প্রতীকধর্মী পুতুল বলা হয়। এ ধরনের পুতুল তৈরী করতে বিশেষ সৌন্দর্যবোধ এবং বিচার বিবেচনা প্রয়োজন।

১৩। উদ্দীপকের বিষয়বস্তু তোমার কোন রচনার সঙ্গে সঙ্গতিপূর্ণ?

ক) তৈলচিত্রের ভূত, খ) অতিথির স্মৃতি, গ) আমাদের লোকশিল্প, ঘ) নারী।

১৪। উদ্দীপকে বর্ণিত পুতুলগুলোকে প্রতীকধর্মী বলার কারণ কী?

ক) এগুলো সম্পূর্ণ হাতে তৈরী

খ) এগুলো দেশীয় প্রযুক্তিতে তৈরী

গ) এগুলোতে পশুপাখির প্রতিকৃতি থাকে

ঘ) এগুলো বিশেষ ধরনের তাৎপর্যবাহী

১৫। আমার ভাইয়ের রক্তে রাঙানো- এখানে কোন ভাইয়ের কথা বলা হয়েছে?

ক) ১৯৯০ সালের নূর হোসেনের

খ) ১৯৬৯ সালের আসাদের

গ) ১৯৭১ সালের মুনীর চৌধুরীর

ঘ) ১৯৫২ সালের সালাম-বরকতের

১৬। শব্দের অনুকরণে বা বিকারে যেসব শব্দের সৃষ্টি হয় তাকে কী বলে?

ক) ধ্বনাত্মক শব্দ, খ) দ্বিরুক্ত শব্দ, গ) শব্দদ্বৈত, ঘ) অনুকার শব্দ।

১৭। বাংলা ভাষার জন্মকথা কার লেখা?

26.06.18

ক) শরৎচন্দ্র চট্টোপাধ্যায়, খ) কাজী নজরুল ইসলাম, গ) হুমায়ুন আজাদ,

ঘ) শামসুজ্জামান খান।

১৮। প্রাচীন ভারতীয় আর্যভাষা কোনটি?

i বৈদিক

ii সংস্কৃত

iii প্রাকৃত

নিচের কোনটি সঠিক?

ক) i খ) i ও ii গ) i ও iii ঘ) i, ii ও iii

১৯। জসীম উদ্‌দীন বাংলা সাহিত্যে কী নামে পরিচিত?

ক) পল্লীকবি খ) বিদ্রোহী কবি গ) চারণ কবি ঘ) গীতি কবি।

২০। কোনটি খাঁটি বাংলা ধাতু-

ক) টান্ খ) হাস্ গ) হস্ ঘ) দৃশ্

২১। 'অতিথির স্মৃতি' রচনায় কখন থেকে একজন গলাভাঙা সুরে ভজন শুরু করে?

ক) রাত্রি দুইটা খ) রাত্রি ও তিনটা গ) রাত্রি চারটা ঘ) রাত্রি পাঁচটা।

২২। বিশেষণ বাচক 'আলি' প্রত্যয়যুক্ত শব্দে ই- কার হবে। এই নিয়মের উদাহরণ কোনটি?

ক) নেপালি খ) বাঙালি গ) সাঁওতালি ঘ) চৈতালি।

নিচের উদ্দীপকটি পড় এবং ২৩ ও ২৪ নং প্রশ্নের উত্তর দাওঃ

সুমন মায়াবী প্রকৃতি দেখে মুগ্ধ। ছায়াঢাকা পথে পাখ-পাখালির কলতান তাকে মুগ্ধ করে। তিনি মনের অজান্তেই গেয়ে উঠেন-

এমন দেশটি কোথাও খুঁজে পাবে নাকো তুমি

সকল দেশের রানী সে যে আমার জন্মভূমি।

২৩। উদ্দীপকের বক্তব্যের সঙ্গে তোমার পঠিত কোন রচনার বক্তব্যের সামঞ্জস্য রয়েছেঃ-

ক) আবার আসিব ফিরে খ) নারী গ) একুশের গান ঘ) রূপাই।

২৪। সাদৃশ্যপূর্ণ ভাবটি কোন বাক্যে প্রতিফলিত?

ক) পথে পথে ফোটে রজনীগন্ধা খ) অনেক রঙের পাল আছে মাঝি গ) নদীর পর নদী আছে তার নাহি শেষ ঘ) আবার আসিব আমি বাংলার নদী মাঠখেত ভালবেসে।

২৫। 'কংস মামা' বাগধারাটির অর্থ কী?

26.06.18

ক) নির্মম আত্মীয় খ) কাছের মানুষ গ) ফটকা ব্যক্তি ঘ) সুখী মানুষ।

২৬। সৃষ্টিকর্তার কাছে কবি কায়কোবাদের প্রার্থনা কী?

ক) করুণা, খ) আত্মশক্তি, গ) সম্পদ, ঘ) সুখ

২৭। কোন জাতীয় শব্দে ণ ব্যবহৃত হয় না?

ক) দেশি, খ) তৎসম, গ) তদ্ভব, ঘ) অর্ধতৎসম

২৮। যৌগিক বাক্যের উদাহরণ কোনটি?

ক) লোকটি ধনী কিন্তু কৃপণ,

খ) সুমন ভাল ছেলে,

গ) যদিও লোকটি ধনী, তবুও তিনি কৃপণ

ঘ) বাংলাদেশ একটি নদীমাতৃক দেশ

২৯। ভবিষ্যৎ কালের অনুজ্ঞা প্রকাশক বাক্য কোনটি?

ক) বড় হও, বুঝতে পারবে।

খ) আদেশ করুন জাহাঁপনা।

গ) অংকটা বুঝিয়ে দেবেন?

ঘ) মিথ্যা কথা বলো না।

৩০। "বঙ্গভূমির প্রতি" কবিতায় 'রেখো মা দাসেরে মনে' এখানে দাস বলতে কবি বুঝিয়েছেন-

ক) নিজেকে খ) সেবককে

গ) জন্মভূমিকে ঘ) চাকরকে

26.06.18